

১৯

প্রতিদিন তব গাথা  
গাব আমি স্তমধুর,  
তুমি মোরে দাও কথা  
তুমি মোরে দাও সুর।

তুমি যদি থাক মনে  
বিকচ কমলাসনে,  
তুমি যদি কর প্রাণ  
তব প্রেমে পরিপূর—

প্রতিদিন তব গাথা  
গা'ব আমি স্তমধুর

তুমি যদি শোন গান  
আমরা সমুখে থাকি,  
সুখা যদি করে দান  
তোমার উদার আঁখি,

## নৈবেদ্য

তুমি যদি দুখপরে  
রাখ হাত স্নেহভরে,  
তুমি যদি সুখ হ'তে  
দস্ত করহ দূর—

প্রতিদিন তব গাথা  
গা'ব আমি সুমধুর

---